

প্রতি বছর বৈশাখী পূর্ণিমার দিন আমাদের গ্রামে চন্ডী তলার মাঠে এক বিরাট মেলা বসে। মেলা শুরু হয় ভোর হবার সাথে সাথে চন্ডী পূজার মাধ্যমে, আর শেষ হয়ে যায় দুপুরের পরেই। মাঠের এক পাশে প্রকাণ্ড বট গাছ। তার নিচ্ছে বেশ বড় এক বাঁধানো বেদী। সেখানেই মা চণ্ডীর পূজা হয়। বহু দূর থেকে মানুষ মেলা দেখতে আসে। পূজা দেবার পর সবাই মেলা প্রাঙ্গণ ঘুরে দেখে। খেলনা, পুতুল, কাঁচের জিনিস, মাটির জিনিস, কাঠের জিনিস প্রভৃতি সাজিয়ে দোকানিরা বসে। এছাড়া খাবারের দোকান ও আছে। দুপুরের পর থেকেই ধীরে ধীরে মেলার লোকজন ফাঁকা হয়ে যায়। এই মেলা উপলক্ষে গ্রামের মানুষের সবার সঙ্গে সবার দেখা হয়। অল্প সময়ের জন্য হলেও গ্রামবাসী মনে পায় অনাবিল শান্তি।

সঠিক উত্তরটি চিহ্নিত কর।

১) বৈশাখ মাস রয়েছে

ক) শরৎ কালে

খ) শীত কালে

গ) গ্রীষ্ম কালে

ঘ) হেমন্ত কালে

২) চন্ডি হলেন

ক) দেবী দুর্গা

খ) দেবী সরস্বতী

গ) দেবী লক্ষ্মী

ঘ) দেবী কালীকার এক রূপ।

- ৩) বুড়ি দেখা যায়  
ক) বট গাছে  
খ) আম গাছে  
গ) অশ্বখ গাছে  
ঘ) কোনোটিই নয়।

৪) মাটির জিনিস যারা তৈরী করে তাদের বলে

- ক) ছুতোর  
খ) মুচি  
গ) কুমোর  
ঘ) কোনোটিই নয়।

৫) যারা কাঠের জিনিস তৈরি করে তাদের বলে

- ক) স্বর্ণকার  
খ) কসাই  
গ) তাঁতী  
ঘ) ছুতোর।